৭২ ঘণ্টায় ৫৩৮টি বেসরকারি হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার বন্ধ হয়েছে

চেম্বার ডেস্ক::

অনিবন্ধিত হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার বন্ধের ৭২ ঘণ্টার আল্টিমেটাম শেষ। এখন পর্যন্ত সারা দেশে ৫৩৮টি বেসরকারি হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার বন্ধ করে দিয়েছে সরকার। এর মধ্যে রাজধানীতে ১৬৪টি।

আজ রবিবার বিকেলে আজকের পত্রিকাকে এ তথ্য জানান স্বাস্থ্য অধিদপ্তরের হাসপাতাল ও ক্লিনিক শাখার পরিচালক অধ্যাপক বেলাল হোসেন।

বেলাল হোসেন বলেন, ‘আনুষ্ঠানিকভাবে আমরা তিন দিন সময় দিয়েছিলাম। এর মধ্যে এখন পর্যন্ত ৫৩৮টি ক্লিনিক ও হাসপাতাল সিলগালা করে দিয়েছি আমরা। এখনো কয়েকটি জেলার তথ্য আসেনি, ফলে সংখ্যা আরও বাড়তে পারে। তবে অভিযান আরও কিছুদিন অব্যাহত থাকবে। যাতে করে অনিবন্ধিত ও অনিয়মের দায়ে দণ্ডিত প্রতিষ্ঠানগুলো আবার গড়ে না ওঠে সে জন্য অভিযান চলমান রাখার সিদ্ধান্ত নিয়েছি আমরা।’

বেলাল হোসেন বলেন, ‘ভোক্তা অধিদপ্তরের সঙ্গে আমাদের এ বিষয়ে কোন কথা হয়নি। তারা তাদের মত করে অভিযান চালিয়েছে। ঢাকার বাইরে সিভিল সার্জনদের নেতৃত্বে এবং রাজধানীতে অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাদের নেতৃত্বে তিনটি টিম কাজ করেছে।’

গত ২৬ মে সারা দেশের অনিবন্ধিত বেসরকারি সব স্বাস্থ্যকেন্দ্র ৭২ ঘণ্টার মধ্যে বন্ধের নির্দেশনা দেয় স্বাস্থ্য অধিদপ্তর। পরদিন থেকে সারা দেশে চলে অভিযান। এতে ঢাকা জেলাসহ রাজধানীতে ১৬৪টি ও ঢাকার বাইরে ৩৭৪ টিসহ মোট ৫৩৮টি প্রতিষ্ঠানকে সিলগালা করা

হয়েছে। কবে কতগুলো জরিমানা করা হয়েছে সেই তথ্য জানাতে পারেননি বেলাল হোসেন।